

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১২৫৯

১১/ জানাযা

পরিচ্ছেদঃ শেষ বয়সে অধিক পরিমাণে পুণ্য করার প্রতি উৎসাহ দান

আরবী

عَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ : كَانَ عُمَرُ يُدْخِلُنِي مَعَ أَشْيَاخِ بَدرٍ فَكَأَنَّ بَعْضَهُمْ وَجَدَ في نفسِهِ فَقَالَ : لِمَ يَدْخُلُ هَذَا معنا ولَنَا أَبْنَاءٌ مِثْلُهُ فَقَالَ عُمَرُ : إِنَّهُ مَنْ حَيثُ عَلِمْتُمْ فَدعانِي ناتَ يَومٍ فَأَدْخَلَنِي مَعَهُمْ فَمَا رَأيتُ أَنَّهُ دَعَانِي يَومَئذٍ إِلاَّ لِيُرِيَهُمْ قَالَ : مَا تَقُولُونَ فَدعانِي ذاتَ يَومٍ فَأَدْخَلَنِي مَعَهُمْ فَمَا رَأيتُ أَنَّهُ دَعانِي يَومَئذٍ إِلاَّ لِيُرِيَهُمْ قَالَ : مَا تَقُولُونَ فِي قَولِ الله : إِذَا جَاءَ نَصِرُ اللهِ وَالْفَتْحُ: فَقَالَ بعضهم : أُمِرْنَا نَحْمَدُ اللهَ وَنَسْتَغْفِرُهُ إِذَا فَي قَولُ الله وَالْفَتْحُ عَلَيْنَا وَسَكتَ بَعْضُهُمْ فَلَمْ يَقُلْ شَيئاً فَقَالَ لِي : أَكَذلِكَ تَقُولُ يَا ابنَ عباسٍ ؟ نصرَنَا وَفَتَحَ عَلَيْنَا وَسَكتَ بَعْضُهُمْ فَلَمْ يَقُلْ شَيئاً فَقَالَ لِي : أَكَذلِكَ تَقُولُ يَا ابنَ عباسٍ ؟ فقلت : لا قَالَ : فَمَا تَقُولُ ؟ قُلْتُ : هُوَ أَجَلُ رَسُولِ الله عَلَيْ أَعلَمُهُ لَهُ، قَالَ إِذَا جَاءَ نَصْرُ اللهِ وَالْفَتْحُ وَذَلِكَ عَلاَمَةُ أَجَلِكَ فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرُهُ إِنَّهُ كَانَ تَوَّاباً فَقَالَ عُمَرُ مَا أَعلَمُ مِنْهَا إِلاَّ مَا تَقُولُ رُواه البخاري

বাংলা

(১২৫৯) ইবনে আব্বাস (রাঃ) বলেন যে, উমার (রাঃ) আমাকে বদর যুদ্ধে অংশগ্রহণকারীদের সঙ্গে (তাঁর সভায়) প্রবেশ করাতেন। তাঁদের মধ্যে কিছু লোক যেন মনে মনে ক্ষুপ্প হলেন। অতএব বললেন, এ আমাদের সঙ্গে কেন প্রবেশ করছে? এর মত (সমবয়স্ক) ছেলে তো আমাদেরও আছে। (এ কথা শুনে) উমার (রাঃ) বললেন, এ কে, তা তোমরা জান। সুতরাং তিনি একদিন আমাকে ডাকলেন এবং আমাকে তাঁদের সঙ্গে (সভায়) প্রবেশ করালেন। আমার ধারণা ছিল যে, এদিন আমাকে ডাকার উদ্দেশ্য হল, তাদেরকে আমার মর্যাদা দেখানো। তিনি (পরীক্ষাস্বরূপ সভার লোককে) বললেন, তোমরা আল্লাহর এই কথা 'যখন আল্লাহর সাহায্য ও বিজয় উপস্থিত হবে।' (সূরা নাসর ১) এর ব্যাখ্যার ব্যাপারে কী বলছ? কিছু লোক বললেন, আমাদেরকে এতে আদেশ দেওয়া হয়েছে যে, যখন আল্লাহ আমাদেরকে সাহায্য ও বিজয় দান করবেন, তখন যেন আমরা তাঁর প্রশংসা করি ও তাঁর কাছে ক্ষমা চাই। আর কিছু লোক নিরুত্তর থাকলেন; তাঁরা কিছুই বললেন না।

(ইবনে আব্বাস (রাঃ) বলেন,) অতঃপর তিনি আমাকে বললেন, হে ইবনে আব্বাস! তুমিও কি এ কথাই বলছ? আমি বললাম, না। তিনি বললেন, তাহলে তুমি (এর ব্যাখ্যা) কী বলছ? আমি বললাম, তা হল আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মৃত্যু সংবাদ, যা আল্লাহ তাঁকে জানিয়েছেন। তিনি বলেন, 'যখন আল্লাহর



সাহায্য ও বিজয় সমাগত হবে।' আর সেটা হল তোমার মৃত্যুর পূর্বলক্ষণ। 'তখন তুমি তোমার প্রভুর প্রশংসায় তাঁর পবিত্রতা বর্ণনা কর ও তাঁর কাছে স্বীয় ক্রটির জন্য ক্ষমা চাও। নিশ্চয়ই তিনি তওবা গ্রহণকারী।' (সূরা নাসর ৩) অতঃপর উমার (রাঃ) বললেন, এর অর্থ আমি তাই জানি, যা তুমি বললে।

ফুটনোট

(বুখারী ৪২৯৪, ৪৯৭০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন